মুর্শিদাবাদ জেলা পরিষদ

পঞ্চাননতলা :: বহরমপুর

বিজ্ঞপ্তিনং : ২৫৭৩

তারিখ :- ২৩.০৮.২০২২

বিজ্ঞপ্তি

মুর্শিদাবাদ জেলা পরিষদ নিয়ন্ত্রনাধীন লালগোলা বিপনণ কেন্দ্রের ২০ (কুড়ি) টি দোকান ঘর ০৫ (পাঁচ) বৎসরের (পুনরায়নবী করণ ভিত্তিতে) জন্য লটারি প্রক্রিয়ার মাধ্যমে লীজ দেওয়ার জন্য মুখ বন্ধ খামে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে।উক্ত আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর পরিচয়পত্রের প্রতিলিপি থাকা বাঞ্ছনীয়। উক্ত দোকান ঘর গুলির মাসিক ভাড়া এই অফিস দ্বারা নির্ধারিত প্রতি বর্গফুট ৭/- টাকা হারে ধার্য্য করা হয়েছে।আরো প্রকাশ থাকে যে, উক্ত লীজ বাবদ অফেরৎ যোগ্য অর্থ মূল্যের পুরোটা ব্যাঙ্ক ড্রাফট মারফৎ অতিরিক্ত নির্বাহী আধিকারিক, মুর্শিদাবাদ জেলা পরিষদ মহাশয়ের অনূকূলে জমা দিতে হবে অথবা নির্দিষ্ট ব্যঙ্ক অ্যাকাউন্ট এ জমা করতে হবে। বিশদ বিবরণের জন্য মুর্শিদাবাদ জেলা পরিষদ অফিসে ছুটির দিন ব্যতীত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

আবেদন পত্র জমা দেওয়ার স্থান: মুর্শিদাবাদ জেলা পরিষদ, জেলা বাস্তুকার মহাশয়ের অফিস কক্ষের নির্দিষ্ট বাক্সে।
আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ :-০৯/০৯/২০২২ এবং সময়: বেলা ২ ঘটিকা পর্যন্ত ।
আবেদন পত্র খোলার তারিখ :-০৯/০৯/২০২২ এবং সময় : বেলা ৩ ঘটিকায় ।

আবেদন পত্র জমা দেওয়া খামের ওপর দোকান ঘরের ক্রমিক নং লেখা বাধ্যতামূলক।

বিপনন কেন্দ্রের দোকান ঘরের বিবরণ নিম্নরুপ:-

ক্রমিক নং	বিপনন কেন্দ্রের দোকান ঘরের ক্রমিক নং	বিপনন কেন্দ্রের দোকান ঘরের আয়তন	অফেরৎ যোগ্যঅর্থমূল্য
১	F-02	14'2" X 11'3" = 159.38 sqft	Rs- 3,28,068/-
২	F-03	14'2" X 17' = 240.84 sqft	Rs- 4,95,747/-
৩	F-04	14'2" X 11'7" = 164.10 sqft	Rs- 3,37,779/-
৪	F-05	14'2 ' X11'7" = 164.10 sqft	Rs- 3,37,779/-
৫	F-06	14'2" X 8"7" = 121.60 sqft	Rs- 2,50,293/-
৬	F-07	14'2" X 11'7" = 164.10 sqft	Rs- 3,37,779/-
৭	F-08	14'2" X 9'9" = 138.06 sqft	Rs- 1,96,842/-
৮	F-09	14'4" X 9'9" = 139.75 sqft	Rs- 2,87,658/-
৯	F-10	13'7" X 11'6" = 156.20 sqft	Rs- 3,21,534/-
১০	F-11	13'7" X 8'8" = 117.72 sqft	Rs- 2,42,325/-
১১	F-12	13'7" X 11'7" = 157.33 sqft	Rs- 3,23,856/-
১২	F-13	13'7" X 11'8" = 158.47 sqft	Rs- 3,26,205/-
১৩	F-14	13'7" X 17' = 230.91 sqft	Rs- 4,75,311/-
১৪	F-15	13'7" X 11'5" = 155.08 sqft	Rs- 3,19,215/-
১৫	F-21	9'7" X 11'6" = 110.20 sqft	Rs- 2,26,848/-
১৬	F-22	9'7" X 17' = 162.91 sqft	Rs- 3,35,340/-
১৭	F-23	9'7" X 11'8" = 111.80 sqft	Rs- 2,30,142/-
১৮	F-24	9'7" X 11'6" = 110.20 sqft	Rs- 2,26,848/-
১৯	F-25	9'7" X 8'8" = 83.06 sqft	Rs- 1,70,964/-
২০	F-26	9'7" X 11'5" = 109.41 sqft	Rs- 2,25,210/-

-:শর্তাবলী:-

(১ম পক্ষ- এই অফিস এবং ২য় পক্ষ- ভাড়াটিয়া)

১. ২য় পক্ষ প্রতি মাসের ভাড়া চলতি মাসের ১৫ তারিখের মধ্যে ১ম পক্ষকে আদায় দেবেন।
২. ২য় পক্ষ পরপর তিন মাসের ভাড়া ১ম পক্ষকে আদায় না দিলে ২য় পক্ষ ভাড়াটীয়া সম্পত্তিতে defaulter বলিয়া গন্য হইবেন।
৩. ২য় পক্ষ নিম্নে তপশীল বর্ণিত সম্পত্তি ৫ (পাঁচ) বৎসরের জন্য ভাড়া লইলেন। ৫ (পাঁচ) বৎসররের পর ২য় পক্ষ ভাড়াটিয়া স্বত্ত্ব renew করিতে চাহিলে renewal fee ১ম পক্ষকে প্রদান করিবেন এবং উক্ত ভাড়া ১০% বৃদ্ধি হইয়া ২য় পক্ষর ভাড়াটিয়া স্বত্ত্ব ৫ (পাঁচ) বৎসরের জন্য renew হইবে।
৪. ভাড়া বকেয়া থাকিলে মাসিক শতকরা ১ (এক) টাকা হারে সুদ প্রদান করিতে ২য় পক্ষ বাধ্য থাকিবে, ঐ সুদ কোনও ভাবে ছাড় হইবেনা।

৫. ২য় পক্ষ কে ১ম পক্ষের ভারপ্রাপ্ত কর্মচারী বা প্রতিবেশী ভাড়াটীয়া বা কোন তৃতীয় পক্ষের যাতায়াতের জন্য নির্দিষ্ট ব্যবহার্য্য রাস্তা বা common passage কোন ভাবেই অবরুদ্ধ করিতে পারিবেন না। করিলে ১ম পক্ষ উক্ত অবরোধ সরাইয়া দিতে পারিবেন এবং উক্ত অবরোধ মুক্ত করিবার খরচ ২য় পক্ষ বহন করিবেন।

৬. ২য় পক্ষ কে তপশীল বর্ণিত ঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখিতে হইবে। উক্ত ঘরে কোনরূপ বে আইনি সামগ্রী, দাহ্য বা বিস্ফোরক পদার্থ বা ক্ষার বা ক্ষার জাতীয় দ্রব্যদি মজুত করিতে পারইবেন না। যদি উক্ত ঘরে ঐ সমস্ত দ্রব্যাদি মজুত রাখা প্রকাশ পায় তাহা হইলে ১ম পক্ষ ২য় পক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা লইতে পারিবেন ।

৭. ২য় পক্ষ কোন অসামাজিক কার্য্য বা দেশদ্রোহী কার্য্য-কলাপে উক্ত ঘর ব্যবহার করিতে পারবেন না। করিলে তাহার সমস্ত দায় তাহাকে লইতে হইবে। ১ম পক্ষ কে কোন ভাবেই উক্ত কার্য্যে যুক্ত করা যাইবে না।

৮. ২ম পক্ষ ১ম পক্ষের লিখিত অনুমতি ব্যতিরেকে উক্ত ঘরের পরিবর্ত্তন, পরিবর্দ্ধন বা সংযোজন করিতে পারিবেন না। করিলে তাহা চুক্তি ভঙ্গের সামিল হইবে এবং অপরাধ বলিয়া গন্য হইবে ।

৯. ২য় পক্ষ কে উক্ত ঘরে বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা নিজ ব্যয়ে করিয়া লইতে হইবে এবং বৈদ্যুতিক ব্যবহারের সমস্ত খরচ তাহাকে বহন করিতে হইবে। বিদ্যুৎ সংযোগের জন্য No objection certificate এর প্রয়োজন হইলে ১ম পক্ষ উক্ত No objection certificate দিবেন । সময় মত বৈদ্যুতিক বিল পরিশোধ না করায় বৈদ্যুতিক লাইন বিচ্ছিন্ন করিয়া দিলে বা তৎকারণে কোন অপরাধ হইলে ১ম পক্ষ কোন ভাবেই দায়ী হইবে না । সম্পূর্ণ দায়িত্ব ২য় পক্ষের উপর বর্ত্তাইবে।

১০. ২য় পক্ষ ১ম পক্ষের অনুমতি সাপেক্ষে উক্ত ঘরে ছোটখাটো মেরামতি করিতে পারিবেন। কিন্তু কোন ভাবেই পুনর্নির্মান ন্যায় কোন কার্য্য করিতে পারবেন না।

১১. ২য় পক্ষ উক্ত ঘরে ব্যবসা করিতে অপারাগ হইলে ১ (এক) মাসের নোটিশ দিয়ে উক্ত ঘর ছাড়িয়া দিবেন। কিন্তু কোন ভাবেই উক্ত ঘরে উপ ভাড়াটিয়া বসাইতে পারিবেন না বা কাহাকেও অংশীদার লইয়া ব্যবহার করিতে বা বিক্রয় করিতে পারিবেন না।

১২. ২য় পক্ষ যে উদ্দেশ্যে বা যে ব্যবসার জন্য উক্ত ঘর লইবেন তৎ ব্যতিরেকে অন্য উদ্দেশ্যে বা অন্য ব্যবসা উক্ত ঘরে করিতে পারিবেন না। করিতে হইলে ১ম পক্ষের অনুমতি লইতে হইবে এবং সেই কারণে চুক্তি পত্র পুনরায় করিতে হইবে। এছাড়া ঘর লইয়া ব্যবসা না করে বন্ধ রাখলে ১ম পক্ষ উক্ত চুক্তি পত্র বাতিল করিতে বাধ্য থাকিবে।

১৩. মালিক ভাড়াটিয়া প্রসঙ্গে T.P.Act এর বিধান প্রযোজ্য হইবে।

১৪. ভাড়াটিয়া চুক্তি ব্যাপারে অন্য কোন অঙ্গীকার পত্রের প্রয়োজন হয় তাহা ২য় পক্ষ ১ম পক্ষকে দিতে বাধ্য থাকিবে।

23/8/2022

অতিরিক্ত নির্বাহী আধিকারিক
মুর্শিদাবাদ জেলা পরিষদ। 23.08.22

তারিখ :- ২৩.০৮.২০২২

স্মারক সংখ্যা :- ২৫৭৩/ ১৬/জেড. পি

অনুলিপি অবগতির এবং যথাযথ প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল -

১. সভাধিপতি, মুর্শিদাবাদ জেলা পরিষদ।
২. নির্বাহী আধিকারিক, মুর্শিদাবাদ জেলা পরিষদ।
৩. মহকুমা শাসক, লালবাগ, মুর্শিদাবাদ, নোটিশ বোর্ডে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হল।
৪. সচিব, মুর্শিদাবাদ জেলা পরিষদ।
৫. জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক,মুর্শিদাবাদ, নোটিশ বোর্ডে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হল।
৬. ডি.আই.ও, এন.আই.সি, আধিকারিক, মুর্শিদাবাদ, অনুগ্রহ পূর্বক বিজ্ঞপ্তিটি মুর্শিদাবাদ জেলার জেলা অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করিবার জন্য জানানো যাচ্ছে।
৭. সমষ্টি উন্নয়ন আধিকারিক, লালগোলা, মুর্শিদাবাদ, নোটিশ বোর্ডে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হল।
৮. আর্থিক নিয়ামক ও মুখ্য হিসাব আধিকারিক, মুর্শিদাবাদ জেলা পরিষদ।
৯. সভাপতি, লালগোলা পঞ্চায়েত সমিতি, মুর্শিদাবাদ, নোটিশ বোর্ডে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হল।
১০. জেলা বাস্তুকার, মুর্শিদাবাদ জেলা পরিষদ, লালবাগ বিপনন কেন্দ্রে ঝোলানো এবং প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হল।
১১. সহ বাস্তুকার, লালবাগ মহাকুমা, মুর্শিদাবাদ জেলা পরিষদ।
১২. অবর- সহ বাস্তুকার, লালবাগ মহাকুমা, মুর্শিদাবাদ জেলা।
১৩. অফিস অধিক্ষক, মুর্শিদাবাদ জেলা পরিষদ।
১৪. প্রধান সহায়ক, মুর্শিদাবাদ জেলা পরিষদ।
১৫. ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট, লালবাগ মহকুমা, মুর্শিদাবাদ জেলা পরিষদ।
১৬. অফিস নোটিশ বোর্ড।

23/8/2022

অতিরিক্ত নির্বাহী আধিকারিক
মুর্শিদাবাদ জেলা পরিষদ। 23.08.22